

স্বপ্ন

- মাম্পি দে

নিঝুম নিশ্চুপ রাতে
এলোমেলো চোখের পাতা ।
মুঠো মুঠো স্বপ্নগুলি
শুধু মনের আয়নায় দেখা ।
কখনো বা কিছু অতিথ
নয়তো কিছু ভবিষ্যৎ-
নয়তো বা বর্তমানের
কিছু পাওয়া না পাওয়া ।
রাতের প্রতিটা প্রহর চলে যায়
স্বপ্নগুলি ছেড়ে যায় না আমায় ।
অহরহ মনের কোণে উঁকি ঝুঁকি,
হাঁসি কান্না আর অভিমানে ।
এমন করে চলে দিবস ও রজনী
কোন একদিন চলে যাবও আমি ।
স্বপ্নগুলি রেখে যাব কবিতার পাতায়
যেদিন থাকবো নাকো আর আমি ।

